

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-৭ (ভোকেশনাল-২)
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.techedu.gov.bd

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০২৩.০৭.০৫৫.১৩ -৮৩৯

তারিখঃ ১৫/১১/২০১৬ খ্রিঃ।

বিষয়ঃ ২০১৬-১৭ অর্থ বছরের 'বার্ষিক ক্রয় পরিকল্পনা' অনুমোদন প্রসঙ্গে।


সূত্রঃ টিএসসি/ফেনী/টেওয়ার-১৬-১৭/৫৫৯, তারিখঃ ২৩/১০/২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০১৬-১৭ অর্থ বছরে তাঁর প্রতিষ্ঠানের মালামাল/যন্ত্রপাতি ক্রয়ের নিমিত্ত অনুমোদনের জন্য প্রস্তাবিত 'Annual Procurement Plan' এবং সংযুক্ত মালামাল/যন্ত্রপাতির তালিকায় নিম্ন বর্ণিত অসঙ্গতি পরিলক্ষিত হয়-

- ৪৯০০-মেরামত ও সংরক্ষণ উপখাতের আওতায় মেরামত যোগ্য মালামাল/যন্ত্রপাতির তালিকায় কোন কোনটিতে টেকনিক্যাল স্পেসিফিকেশন উল্লেখ করা হয়নি।
- ৬৮১৯- অফিস সরঞ্জাম উপখাতের অধীনে যন্ত্রপাতি ও অন্যান্য সরঞ্জাম উপখাতের আওতায় ক্রয়যোগ্য যন্ত্রপাতি ক্রয়ের প্রস্তাব করা হয়েছে।
- ৪৮৫৬-কাঁচামাল ও খুচরা যন্ত্রাংশ উপখাতে কিছু কিছু যন্ত্রপাতি/সম্পদ এবং আনুষঙ্গিক দ্রব্যাদি ক্রয়ের জন্য প্রস্তাব করা হয়েছে।
- সংযুক্ত মালামাল/যন্ত্রপাতির তালিকায় কোন কোনটিতে ০১(এক)টি মাত্র কোম্পানির নাম উল্লেখ করা হয়েছে যা বিধি সম্মত নয়।

উল্লেখ্য যে, বিভাগীয় প্রধান এবং অধ্যক্ষগণকে সরকারি তহবিলের অর্থ দ্বারা পণ্য, কার্য বা সেবা ক্রয় এবং আনুষঙ্গিক বিষয়ে একাধিকবার প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

এমতাবস্থায়, এ বিষয়ে প্রশিক্ষণ থাকা সত্ত্বেও কেন উপরে বর্ণিত দফা ক) হতে ঘ) পর্যন্ত মালামাল/যন্ত্রপাতির ত্রুটিপূর্ণ তালিকা প্রস্তুত করে 'বার্ষিক ক্রয় পরিকল্পনা' অনুমোদনের জন্য অধিদপ্তরে প্রস্তাব করা হয়েছে তা পত্র প্রাপ্তির পর ০৩(তিন) কার্য দিবসের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর নিকট ব্যাখ্যা প্রদান এবং পিপিআর-২০০৮ এ বিদ্যমান বিধি মোতাবেক সঠিকভাবে APP তৈরি করে পুনরায় অনুমোদনের জন্য প্রস্তাব প্রেরণের অনুরোধ করা হলো।


(মোঃ মিজানুর রহমান)
যুগ্মসচিব
পরিচালক (ভোকেশনাল)
ফোন : ০২-৯১১১০২৩।

প্রাপকঃ

অধ্যক্ষ
ফেনী টেকনিক্যাল স্কুল ও কলেজ
ফেনী।

অনুলিপিঃ

০১। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা। তাঁকে অত্র পত্রখানা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।